

Telephone conversation between Prime Minister Shri Narendra Modi and His Majesty Sultan Haitham Bin Tarik, Sultan of Oman

February 17, 2021

ওমানের সুলতান, সুলতান হাইথাম বিন তারিকের সঙ্গে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর টেলিফোনে কথা

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ টেলিফোনে ওমানের সুলতান, সুলতান হাইথাম বিন তারিকের সঙ্গে কথা বলেছেন।

ভারত ওমানকে কোভিড-১৯ টিকা সরবরাহ করায় সুলতান সন্তোষ প্রকাশ করেছেন। উভয় নেতা সহমত পোষণ করেছেন যে এই মহামারীর বিরুদ্ধে লড়াইয়ে দুটি দেশ একযোগে কাজ করার জন্য নিবিড় সহযোগিতা বজায় রাখবে।

প্রধানমন্ত্রী, ওমানের সুলতানকে তাঁর শাসনকালের এক বছর পূর্তি এবং ওমানের জন্য ভিশন ২০৪০ রচনা করায় অভিনন্দন জানিয়েছেন।

প্রতিরক্ষা, স্বাস্থ্য, ব্যবসা-বাণিজ্য ও বিনিয়োগ সহ প্রতিটি ক্ষেত্রে ভারত এবং ওমানের মধ্যে সহযোগিতা বৃদ্ধি পাওয়ায় উভয় নেতা সন্তোষ প্রকাশ করেছেন।

উভয় নেতা, দুই কৌশলগত অংশীদারের মধ্যে অর্থনৈতিক ও সাংস্কৃতিক বন্ধন নিবিড় করার বিষয়ে ওমানে বসবাসরত ভারতীয়দের ভূমিকার প্রশংসা করেছেন।

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.